# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 22 June, 2025

চুয়াডাঙ্গায় পিকেএসএফ ও বিশ্বব্যাংকের আর্থিক সহযোগীতায় উচ্চ মূল্যের শষ্য (ফল) প্রকল্পের আওতায় দিনব্যাপী অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এ প্রকল্প বাস্তবায়ন করছে ওয়েভ ফাউন্ডেশন।

রবিবার (২২ জুন) সকাল ১০টায় দামুড়হুদা উপজেলায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারের প্রশিক্ষণ কক্ষে এ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র।

বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, কৃষি সম্প্রসারণ অফিসার আল সাবাহ, হার্টিকালচার বিভাগের নাসারী তত্ত্বাবধায়ক আব্দুল মালেক, দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, ফাউন্ডেশনের জ্যেষ্ঠ সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ ও আব্দুস সালাম।

দিন ব্যাপী এ কর্মশালায় কার্যকর প্রকল্পের ব্যবস্থাপক সোহরাওয়ার্দী শুভ প্রকল্প সম্পর্কে বিস্তারিত বিষয় উপস্থাপন করেন।প্রকল্প সম্পর্কিত কারিগরী বিষয় উপস্থাপন করেন কারিগরী কর্মকর্তা জাহিদুল ইসলাম, আরইসিপি নিয়ে উপস্থাপন করেন আরইসিপি কর্মকর্তা মনিরুজ্জামান।

কর্মশালায় ফল চাষের সঙ্গে জড়িত বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডরগণ, কৃষক, রাজনৈতিক ব্যক্তিত্ব, ছাত্র প্রতিনিধি ও তরুণ উদ্যোক্তা।

শষ্য,ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টার,ফল চাষ কর্মশালা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 18:09

URL: https://timestodaybd.com/across-the-country/3543775807